

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০৯.২০১৬-

তারিখঃ ০৪.০৪.২০১৬খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ খন্দকার হাফিজুর রহমান (১০৯৯৯১), প্রাক্তন আবাসিক মেডিকেল অফিসার, মেডিসিন বিভাগ, জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা গত ০১.০১.২০১৩ তারিখ হতে ০৫.১০.২০১৫ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১০.০২.২০১৬ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০০৯.২০১৬-১২০নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৮.০৩.২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক ০১.১২.২০১২ তারিখ হতে ২৮.০২.২০১৩ তারিখ পর্যন্ত মঞ্জুরিকৃত ছুটি ভোগ শেষে তিনি কর্মস্থলে যোগদান করতে গিয়ে তিনি জানতে পারেন যে, তাকে অন্যত্র বদলি করা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তর হতে বদলি আদেশের কপি দীর্ঘ দিন না পাওয়ার কারণে যথাসময়ে বদলিকৃত কর্মস্থলে যোগদান করতে পারেননি। পরবর্তীতে স্বাস্থ্য অধিদপ্তরের ০৬.১০.২০১৫ তারিখের বদলি আদেশ মোতাবেক তিনি ০৭.১০.২০১৫ তারিখে মেডিকেল অফিসার (বহিঃবিভাগ) হিসেবে জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকায় যোগদান করে অদ্যাবধি কর্মরত আছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ খন্দকার হাফিজুর রহমান (১০৯৯৯১), মেডিকেল অফিসার (বহিঃবিভাগ), জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। এই স্থগিত র্নিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। তাঁর ০১.০২.২০১৩খ্রিঃ তারিখ হতে ০৫.১০.২০১৫ তারিখ পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

উপপরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০৯.২০১৬-

তারিখঃ ০৪.০৪.২০১৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক, জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। সিনিয়র সহকারী সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। ডাঃ খন্দকার হাফিজুর রহমান (১০৯৯৯১), মেডিকেল অফিসার (বহিঃবিভাগ), জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা।

(আসমা তাসকিন)

উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd


নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৩.২০১৬-২৫৫

তারিখঃ ০৫.০৪.২০১৬ খ্রিঃ

বিষয়ঃ ব্যক্তিগত শুনানি।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে ডাঃ সুমী দাশ (১২৫১৩৬), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফটিকছড়ি, চট্টগ্রাম এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে ব্যক্তিগত শুনানী আগামী ২১.০৪.২০১৬ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মহোদয় কর্তৃক তীর অফিস (কক্ষ নং- ৩১১, ভবন-৩, ৪র্থ তলা) কক্ষে গ্রহণ করা হবে।

২। নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট কাগজপত্রসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(আসমা তাসকিন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

ডাঃ সুমী দাশ (১২৫১৩৬)

প্রাক্তন মেডিকেল অফিসার

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স

ফটিকছড়ি, চট্টগ্রাম।


(স্থায়ী ঠিকানাঃ- পিতা-মিলন কান্তি দাশ, ৮নং রুমঘাটা, ডাকঘর-আন্দরকিল্লা, দেওয়ানবাজার, চট্টগ্রাম-৪০০০)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৩.২০১৬-২৫৫/১ (৯)

তারিখঃ ০৫.০৪.২০১৬ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নির্ধারিত তারিখে একজন প্রতিনিধিকে সংশ্লিষ্ট নথিপত্রসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য এবং নোটিশটি যথাযথভাবে জারি করার জন্য অনুরোধ করা হল)।
- ২। উপসচিব (নিরাপত্তা-২ অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। ডাঃ মোঃ শরিফুল ইসলাম, সহকারী পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। সিভিল সার্জন, চট্টগ্রাম।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফটিকছড়ি, চট্টগ্রাম।
- ৮। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। অতিরিক্ত সচিব (শুংখলা ও নার্সিং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


(আসমা তাসকিন)
উপসচিব